

অতি জরুরি
বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

পত্র সংখ্যা-৩৩.০০.০০০০.১০৯.০৬.০২৫.১৬.২৮৪

১৪ বৈশাখ ১৪২৪
তারিখঃ ২৮ মে ২০১৬

বিষয়ঃ- এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক তৃতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী।

গত ৩০ এপ্রিল ২০১৭ তারিখ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক তৃতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০১ প্রস্থ।

(মোঃ শফিকুল ইসলাম)
উপসচিব

ফোনঃ ৯৫৪০৪০৭।

ই-মেইল: administration-3@mofl.gov.bd

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। অতিরিক্ত সচিব (মৎস্য/ প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, মতিঝিল বা/এ, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-২) ও জাতীয় শুদ্ধাচার কৌশল ফোকাল পয়েন্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ৬। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
- ৭। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
- ৮। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
- ৯। উপসচিব (প্রশাসন-২) ও সদস্য-সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। উপসচিব (মৎস্য-১) ও জাতীয় শুদ্ধাচার কৌশল বিকল্প ফোকাল পয়েন্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য

- ১। সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ- সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার ও প্রশাসনিক সংস্কার শাখা)।
- ২। সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক তৃতীয় ত্রৈমাসিক সভার কার্যবিবরণীঃ

সভাপতি : জনাব মোঃ মাকসুদুল হাসান খান
সচিব
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
তারিখ ও সময়: ৩০ এপ্রিল ২০১৭ খ্রিঃ; বিকাল ৪.০০ ঘটিকা।
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।

১। মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব এর সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক তৃতীয় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়।
সভায় উপস্থিত কমিটির সদস্যগণের বিবরণ নিম্নরূপঃ

(১)	ড. মোঃ নজরুল আনোয়ার, অতিরিক্ত সচিব (মৎস্য), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(২)	জনাব অরুন কুমার মালাকার, অতিরিক্ত সচিব (প্রশাসন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৩)	জনাব দিলদার আহমদ, চেয়ারম্যান (অতিঃ সচিব), বিএফডিসি, কারওয়ান বাজার, ঢাকা।
(৪)	জনাব মোঃ কামরুজ্জামান, যুগ্মসচিব (প্রাণিসম্পদ-১), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।
(৫)	সৈয়দ আরিফ আজাদ, মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা।
(৬)	ডাঃ মোঃ আইনুল হক, মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
(৭)	ড. ইয়াহিয়া মাহমুদ, মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
(৮)	ড. তালুকদার নূরুন্নাহার, মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
(৯)	জনাব মোঃ শফিকুল ইসলাম, উপসচিব (প্রশাসন-২) ও সদস্য-সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা।

২। সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের যুগ্মসচিব ও জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ক ফোকাল পয়েন্ট জনাব কাজী ওয়াছি উদ্দিন এজেন্ডা ভিত্তিক সভায় আলোচনা শুরু করেন।

(১) মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন অনুমোদনঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি-মার্চ) সভায় উপস্থাপন ও বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত শুদ্ধাচার কৌশল-এর তৃতীয় ত্রৈমাসিক প্রতিবেদন (জানুয়ারি-মার্চ) ভূতাপেক্ষ অনুমোদন করা হয়।

(২) মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক জারিকৃত শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ : মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭ সভায় উপস্থাপন করা হয়। নীতিমালাটি ইতিমধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সকল সংস্থায় প্রেরণ করা সহ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্তঃ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭ মোতাবেক এ মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন সকল সংস্থা/ অধিদপ্তর/ দপ্তরে চলতি বছর থেকেই নীতিমালা মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
২৫/৩/২০১৭
(মোঃ মাকসুদুল হাসান খান)
সচিব